ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৪২২৩

আগরতলা, ১৪ ডিসেম্বর,২০২৩

**বিলোনীয়া ও সাব্রুম মহকুমার ভারত-বাংলাদেশ সীমান্তে জনসাধারণের চলাচলে বিধিনিষেধ**

জনজীবনে শান্তি ও নিরাপত্তা রক্ষায় দক্ষিণ ত্রিপুরা জেলার জেলাশাসক এক আদেশে ভারতীয় ফৌজদারি দন্ডবিধি ১৯৭৩-এর ১৪৪ ধারায় দক্ষিণ ত্রিপুরা জেলার বিলোনীয়া ও সাব্রুম মহকুমার ভারত-বাংলাদেশ সীমান্তের ৫০০ মিটার এলাকায় জনসাধারণের চলাচলের উপর বিধিনিষেধ আরোপ করেছেন। এই আদেশ ১২ ডিসেম্বর, ২০২৩ থেকে কার্যকর হয়েছে এবং তা ১০ মার্চ, ২০২৪ পর্যন্ত বলবৎ থাকবে। এই সময়ে প্রতিদিন রাত ৮টা থেকে পরের দিন সকাল ৫টা পর্যন্ত এই আদেশ কার্যকর হবে। উল্লেখিত সময়ে সংশ্লিষ্ট এলাকায় ৪ জনের বেশি মানুষের জমায়েত নিষিদ্ধ করা হয়েছে। এছাড়া ঐ সময়ে দক্ষিণ জেলার পুলিশ সুপার, বিলোনীয়া ও শান্তিরবাজার মহকুমার মহকুমা শাসকদের জারি করা বৈধ অনুমতি ছাড়া সাধারণ মানুষ ও যানবাহনের চলাচলে বিধিনিষেধ আরোপ করা হয়েছে। তবে আইন শৃঙ্খলা রক্ষার কাজে নিযুক্ত সামরিক, আধা সামরিক এবং রাজ্য পুলিশ বাহিনীর সদস্যগণ, দক্ষিণ ত্রিপুরা জেলার পুলিশ সুপার এবং বিলোনীয়া ও সাব্রুম মহকুমার মহকুমা শাসকের জারি করা বৈধ অনুমতিপ্রাপ্ত ব্যক্তি, জরুরি সরকারি কাজে নিয়োজিত সরকারি কর্মচারি এবং অবিলম্বে চিকিৎসা প্রয়োজন এমন ব্যক্তি এই নিষেধাজ্ঞার আওতার বাইরে থাকবেন। এই আদেশ অমান্যকারীদের বিরুদ্ধে আইপিসির ১৮৮ ধারা অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে।

*****